

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৪৭

আগরতলা, ২৭ নভেম্বর, ২০২৩

২৮ ডিসেম্বর থেকে ১৮তম আঞ্চলিক সরস মেলা

সচিবালয়ে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতি সভা

রাজ্যে ১৮তম আঞ্চলিক সরস মেলা আগামী ২৮ ডিসেম্বর, ২০২৩ থেকে হাঁপানীয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে। ১২ দিনব্যাপী এই মেলা চলবে ৮ জানুয়ারি ২০২৪ পর্যন্ত। আজ বিকেলে সচিবালয়ের ২ নং সভাকক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা সভাপতিত্বে অনুষ্ঠিত ১৮তম আঞ্চলিক সরস মেলার প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রস্তুতি সভায় মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রধান সচিব ভি জি জেনার, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

প্রস্তুতি সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা ১৮তম আঞ্চলিক সরস মেলাকে সার্বিকভাবে সফল করে তোলার জন্য সবার আন্তরিক সহযোগিতা কামনা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ‘ভোকাল ফর লোকাল’ দৃষ্টিভঙ্গিকে পাথেয় করে মেলায় স্বসহায়ক দলগুলিকে তাদের উৎপাদিত পণ্য সামগ্রীকে তুলে ধরার জন্য বেশি করে উৎসাহিত করতে হবে। স্বসহায়ক দলগুলি যাতে নিয়মিতভাবে আর্থিকভাবে লাভজনক অবস্থায় পরিণত হয় সেদিকটাও লক্ষ্য রাখার জন্য মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এতেই রাজ্য সরকারের এই ধরনের মেলা আয়োজনের সার্থকতা আসবে।

প্রস্তুতি সভায় ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ব্রাহ্মিত কৌর ১৮তম আঞ্চলিক সরস মেলাকে সফল করতে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করেন। তিনি জানান, এবারের সরস মেলায় ৩৭০টি স্টল থাকবে। মহিলা স্বসহায়ক দল পরিচালিত ফুড কোর্টও থাকবে এই মেলায়। তাছাড়া মেলায় শিল্প বাণিজ্য দপ্তরের পরিচালনায় ক্রেতা-বিক্রেতা সম্মেলনের পাশাপাশি তথ্য ও সংস্কৃতি দপ্তরের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। মেলায় বিভিন্ন ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে। মোট ৪৪টি পুরস্কারের ব্যবস্থা রয়েছে। মেলাকে সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করা লক্ষ্যে রাজ্যস্তরীয় অর্গানাইজিং কমিটি, কার্যকরী কমিটি সহ বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।
